

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন শাখা
www.mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০১১.৩৮.০০৭.২০১১-৪৫৬

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩১
০৩ ডিসেম্বর ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, এ মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা খন্দকার হাসান কবীর অননুমোদিতভাবে গত ০৫-১১-২০২১ হতে ২৭-১২-২০২৩ তারিখ পর্যন্ত মোট ০২ বছর ০১ মাস ২২ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, ইতঃপূর্বে তাঁর অনুকূলে গত ০৭-০৪-২০২২ তারিখের ১৭২ নং স্মারকে অসুস্থতাজনিত কারণে ০১-০৮-২০২১ হতে ০৪-১১-২০২১ তারিখ পর্যন্ত ৯৬ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে ভূতাপেক্ষভাবে মঞ্জুর করা হয় এবং তখনও তিনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকতেন এবং পরবর্তীতে ছুটির দরখাস্ত করতেন। এটি তাঁর একটি অভ্যাসগত আচরণে পরিণত হয়েছে এবং এ ধরনের আচরণ অসদাচরণের পর্যায়ে পড়ে;

যেহেতু, অননুমোদিত অনুপস্থিতির জন্য কোন আবেদনই তিনি যথাযথভাবে করেননি। যেমন: মেডিকেল বোর্ডের কোন সুপারিশ এবং ছুটি প্রাপ্যতার সনদ তিনি দাখিল করেননি। অর্থাৎ এ সকল কর্মকান্ড তাঁর চাকুরির প্রতি অনীহা ও খামখেয়ালিপূর্ণ মনোভাবের পরিচয় ধারণ করে;

যেহেতু, বিভাগীয় মামলা নং-০১/২০২২ এর আওতায় ব্যক্তিগত কর্মকর্তা খন্দকার হাসান কবীরের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি- ৪(২)(খ) ও ৩(খ) অনুযায়ী আনীত অভিযোগ অর্থাৎ 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত; তাই তিনি দোষী এবং শাস্তি পাওয়ার যোগ্য;

সেহেতু, খন্দকার হাসান কবীর, ব্যক্তিগত কর্মকর্তা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি- ৪(২)(খ) ও ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে বর্ণিত বিধি অনুসরণক্রমে **আগামী ০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করার 'লঘুদণ্ড' প্রদান করা হল;** এবং

গত ০৫-১১-২০২১ হতে ২৭-১২-২০২৩ তারিখ পর্যন্ত মোট ০২ বছর ০১ মাস ২২ দিন তাঁর কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতকালীন ছুটির মধ্যে ০১ বছর ১০ মাস ০৮ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি এবং পূর্ণগড় বেতনে ০৩ মাস ১৪ দিন ছুটি ভূতাপেক্ষভাবে মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

এ এইচ এম সফিকুজ্জামান
সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

ই-মেইল: secretary@mole.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
২. উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৩. সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা (প্রজ্ঞাপনের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা/ডিডিও, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. জনাব খন্দকার হাসান কবীর, ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (স্থায়ী ঠিকানা: গ্রামঃ উত্তর মুজগনী, পোস্টঃ জিপিও ৯০০০, থানাঃ খালিশপুর, জেলাঃ খুলনা)
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৯. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
১০. অফিস কপি


(মোহাম্মদ মাসুম)

সিনিয়র সহকারী সচিব